বিধ্বংসী জ়াম্পার ঘূর্ণিতে বড় জয় পেল অস্ট্রেলিয়া

নিজস্ব প্রতিবেদন

৪ নভেম্বর: টি-টোয়েন্টি বিশ্বকাপ এখনও জেতেনি অস্ট্রেলিয়া। কিন্তু এ বার যে তারা কাপ জেতার জন্য তৈরি হয়ে এসেছে, তা বৃহস্পতিবার আরও এক বার বুঝিয়ে দিল অ্যারন ফিঞ্চের নেতৃত্বাধীন দল। এ দিন তাঁর দলের বিরুদ্ধেই পঞ্চম ম্যাচ হেরে প্রতিযোগিতা শেষ করল বাংলাদেশ। দুবাইয়ের মাঠে তাঁরা অস্ট্রেলিয়ার বিরুদ্ধে হারল আট উইকেটে।

অস্ট্রেলিয়ার অধিনায়ক অ্যারন ফিঞ্চ টস জিতে ফিল্ডিং নিয়েছিলেন। কিন্তু অ্যাডাম জ়াম্পার ঘূর্ণি এবং ব্যাটারদের ব্যর্থতায় বাংলাদেশ অলআউট হয়ে যায় ৭৩ রানে। জবাবে ডেভিড ওয়ার্নার (১৮) ও অ্যারন ফিঞ্চের (৪০) উইকেটে হারিয়ে অস্ট্রেলিয়া ম্যাচ জিতে নেয় ৬.২ ওভারের মধ্যে। তারা করে ৭৮-২। অপরাজিত থাকেন মিচেল মার্শ (১৬) ও গ্লেন ম্যাক্সওয়েল (০)। চার ওভার বল করে ১৯ রানে পাঁচ উইকেট নিয়ে ম্যাচের সেরা অ্যাডাম জ়াম্পা। এই চার ওভারের মধ্যে ১৪ বলেই তিনি বিপক্ষকে কোনও রান দেননি।

অস্ট্রেলিয়াকে ম্যাচ জিতিয়ে জ়াম্পা বলেন, ‘‘টি-টোয়েন্টি ক্রিকেটে প্রথম বার পাঁচ উইকেট পাওয়ার অনুভূতিই আলাদা। পাঁচ-ছ’বছর খেলছি। কিন্তু এই স্মৃতি অমলিন থাকবে। হ্যাটট্রিক করতে পারতাম। হয়নি বলে দুঃখ নেই। তবে উইকেটকিপার ম্যাথু ওয়েড সুন্দর ক্যাচ ধরেছে। ম্যাক্সওয়েলও আঁটসাঁট বল করেছে। না হলে মাঝের ওভারে বল করতে এসে এই কীর্তি গড়া হত না।’’

অস্ট্রেলীয় অধিনায়ক ফিঞ্চ বলছেন, ‘‘প্রথম দু’ওভারেই জশ হেজ়লউডেরা ম্যাচে আমাদের চালকের আসনে বসিয়ে দিয়েছিল। টি-টোয়েন্টি ক্রিকেটে আগাম নেওয়া কেআআনও পরিকল্পনা সব সময়ে কাজ করে না। আজ আমাদের নেট রান রেটের কথা ভেবেই দ্রুত ম্যাচ শেষ করতে হত। জ়াম্পাও আজ দারুণ বল করল। সঙ্গে মিচেল স্টার্কও। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধেও আমরা ভাল খেলেছিলাম। চার দিন বিশ্রামের পরে ছেলেরা তরতাজা অবস্থায় মাঠে নেমে জয়টা ছিনিয়ে আনল।’’

অস্ট্রেলিয়ার বিরুদ্ধে এ দিন শুরু থেকেই উইকেটের পতন শুরু হয়েছিল বাংলাদেশের। ছয় ওভারের মধ্যেই ৩২-৪ হয়ে গিয়েছিল তারা। শেষ পর্যন্ত ১৫ এভারে ৭৩ রানে ইনিংস শেষ হয়ে যায় বাংলাদেশের। এই জয়ের ফলে চার ম্যাচে ৬ পয়েন্ট নিয়ে প্রথম গ্রুপে দ্বিতীয় স্থানে চলে এল অস্ট্রেলিয়া।

■ **নায়ক:** ১৯ রানে পাঁচ উইকেট নিলেন জ়াম্পা। *রয়টার্স*

৮ উইকেটে জয়ী অস্ট্রেলিয়া

ম্যাচের সেরা অ্যাডাম জ়াম্পা

স্কোরকার্ড

বাংলাদেশ	**৭৩ (১৫)**
অস্ট্রেলিয়া	**৭৮-২ (৬.২)**

বাংলাদেশ

নইম ক কামিন্স বো হেজ়লউড	১৭■১৬
লিটন বো স্টার্ক	০■১
সৌম্য বো হেজ়লউড	৫■৮
মুশফিকুর এলবিডব্লিউ ম্যাক্সওয়েল	১■২
মাহমুদুল্লাহ ক ওয়েড বো স্টার্ক	১৬■১৮
আফিফ ক ফিঞ্চ বো জ়াম্পা	০■৪
শামিম ক ওয়েড বো জ়াম্পা	১৯■১৮
মেহদি এলবিডব্লিউ বো জ়াম্পা	০■১
তাস্কিন ন. আ.	৬■১১
মুস্তাফিজ়ুর ক স্মিথ বো জ়াম্পা	৪■৯
শোরিফুল ক ফিঞ্চ বো জ়াম্পা	০■২
অতিরিক্ত	৫
মোট	৭৩-১০ (১৫)

পতন: ১-১ (লিটন, ০.৩), ২-৬ (সৌম্য, ১.৬), ৩-১০ (মুশফিকুর, ২.৫), ৪-৩২ (নইম, ৫.৩), ৫-৩৩ (আফিফ, ৬.১), ৬-৬২ (শামিম, ১০.৫), ৭-৬২ (মেহদি, ১০.৬), ৮-৬৫ (মাহমুদুল্লাহ, ১২.২), ৯-৭৩ (মুস্তাফিজ়ুর, ১৪.৪), ১০-৭৩ (শোরিফুল, ১৪.৬)।

বোলিং: মিচেল স্টার্ক ৪-০-২১-২, জশ হেজ়লউড ২-০-৮-২, গ্লেন ম্যাক্সওয়েল ২-০-৬-১, প্যাট কামিন্স ৩-০-১৮-০, অ্যাডাম জ়াম্পা ৪-০-১৯-৫।

অস্ট্রেলিয়া

ওয়ার্নার বো শোরিফুল	১৮■১৪
ফিঞ্চ বো তাস্কিন	৪০■২০
মার্শ ন. আ.	১৬■৫
ম্যাক্সওয়েল ন. আ.	০■০
অতিরিক্ত	৪
মোট	৭৮-২ (৬.২)

পতন: ১-৫৮ (ফিঞ্চ, ৪.৬), ২-৬৭ (ওয়ার্নার, ৫.৬)।

বোলিং: তাস্কিন আহমেদ ৩.২-০-৩৬-১, মুস্তাফিজ়ুর রহমান ২-০-২৭-০, শোরিফুল ইসলাম ১-০-৯-১।

■ **সফল:** অসলঙ্ক ৬৮ ও নিসঙ্ক (ডান দিকে) করলেন ৫১ রান। *আইসিসি*

অসলঙ্কদের ঝড়, বিদায় নিলেন বিশ্বচ্যাম্পিয়নরা

২০ রানে জয়ী শ্রীলঙ্কা

ম্যাচের সেরা চরিত অসলঙ্ক

নিজস্ব প্রতিবেদন

৪ অক্টোবর: শ্রীলঙ্কাকে হারালে টি-টোয়েন্টি বিশ্বকাপের সেমিফাইনালে ওঠার দৌড়ে টিকে থাকতে পারত গত বারের বিশ্বচ্যাম্পিয়ন ওয়েস্ট ইন্ডিজ। কিন্তু তা হল না। বৃহস্পতিবার আবু ধাবিতে শ্রীলঙ্কার ১৮৯-৩ স্কোরের জবাবে ওয়েস্ট ইন্ডিজ থামল ১৬৯-৮ স্কোরে। চার ম্যাচে তিনটে হেরে বিদায় নিলেন ক্রিস গেলরা।

আগেই বিদায় নিয়েছিল শ্রীলঙ্কা। এই ম্যাচ তাদের কাছে নিয়মরক্ষার ছিল। কিন্তু মরণ-বাঁচন ম্যাচে পুরোপুরি ব্যর্থ ওয়েস্ট ইন্ডিজ। তাদের বোলাররা কোনও ছাপই ফেলতে পারেনি। এর পরে শ্রীলঙ্কার বড় রান তাড়া করতে নেমে একের পর এক ব্যাটার ফিরে যান প্যাভিলিয়নে। শিমরন হেটমায়ারের (৫৪ বলে অপরাজিত ৮১) একার লড়াই হার বাঁচাতে পারেনি।

এ দিন ক্রিকেটবিশ্ব দেখে ফেলল ক্যারিবিয়ান ক্রিকেটের একটা প্রজন্মের অস্ত এবং শ্রীলঙ্কা ক্রিকেটের নতুন প্রজন্মের উত্থান। এক দিকে ক্রিস গেল, ডোয়েন ব্র্যাভো, কায়রন পোলার্ড, রবি রামপালদের সময় হয়তো এই বিশ্বকাপের সঙ্গে সঙ্গেই শেষ হয়ে যাচ্ছে। অন্তত দেশের ক্রিকেটের নিরিখে তো বটেই। অন্য দিকে শ্রীলঙ্কা দেখছে চরিত অসলঙ্ক, পাথুম নিসঙ্ক, ওয়ানিন্দু হাসরঙ্গ, মহেশ তীক্ষণদের উঠে আসা।

এ দিন শুরু থেকেই ঝড় তোলেন শ্রীলঙ্কার ওপেনাররা। নিসঙ্ক (৪১ বলে ৫১) এবং কুশল পেরেরা (২১ বলে ২৯) ওপেনিং জুটিতে ৫.২ ওভারে তুলে দেয় ৪২ রান। এর পরে শ্রীলঙ্কার সেরা ব্যাটার অসলঙ্ক চাপমুক্ত অবস্থায় ব্যাট করতে থাকেন। যখন তিনি আউট হন, নামের পাশে লেখা হয়ে গিয়েছে ৪১ বলে ৬৮ রান। রান তাড়া করতে নেমে স্পিনার হাসরঙ্গের (২-১৯) সামনে সমস্যায় পড়েন পোলার্ডরা।

স্কোরকার্ড

শ্রীলঙ্কা	**১৮৯-৩ (২০)**
ওয়েস্ট ইন্ডিজ	**১৬৯-৮ (২০)**

শ্রীলঙ্কা

নিসঙ্ক ক হেটমায়ার বো ব্র্যাভো	৫১■৪১
কুশল ক ও বো রাসেল	২৯■২১
অসলঙ্ক ক হেটমায়ার বো রাসেল	৬৮■৪১
শনাকা ন. আ.	২৫■১৪
করুণারত্নে ন. আ.	৩■৩
অতিরিক্ত	১৩
মোট	১৮৯-৩ (২০)

পতন: ১-৪২ (কুশল, ৫.২), ২-১৩৩ (নিসঙ্ক, ১৫.৩), ৩-১৭৯ (অসলঙ্ক, ১৮.৪)।

বোলিং: রস্টন চেজ় ১-০-৬-০, জেসন হোল্ডার ৪-০-৩৭-০, রবি রামপাল ৪-০-৩৭-০, আন্দ্রে রাসেল ৪-০-৩৩-২, আকিল হোসেন ২-০-২২-০, ডোয়েন ব্র্যাভো ৪-০-৪২-১, কায়রন পোলার্ড ১-০-৮-০।

ওয়েস্ট ইন্ডিজ

গেল ক হাসরঙ্গ বো ফের্নান্দো	১■৫
লুইস বো ফের্নান্দো	৮■৬
পুরান ক ধনঞ্জয় বো চামিরা	৪৬■৩৪
চেজ় ক রাজাপক্ষ বো করুণারত্নে	৯■৮
হেটমায়ার ন. আ.	৮১■৫৪
রাসেল ক ও বো করুণারত্নে	২■৪
পোলার্ড বো হাসরঙ্গ	০■১
হোল্ডার ক করুণারত্নে বো শনাকা	৮■৫
ব্র্যাভো বো হাসরঙ্গ	২■৩
হোসেন ন. আ.	১■১
অতিরিক্ত	১১
মোট	১৬৯-৮ (২০)

পতন: ১-১ (গেল, ১.২), ২-১০ (লুইস, ১.৬), ৩-৪৭ (চেজ়, ৫.৩), ৪-৭৭ (পুরান, ১১.১), ৫-৯৪ (রাসেল, ১৩.১), ৬-১০৭ (পোলার্ড, ১৪.১), ৭-১১৭ (হোল্ডার, ১৫.২), ৮-১৩১ (ব্র্যাভো, ১৬.৬)।

বোলিং: মহেশ তীক্ষণ ৪-০-২১-০, বিনুরা ফের্নান্দো ২-০-২৪-২, দুষ্মন্ত চামিরা ৪-০-৪১-১, চামিকা করুণারত্নে ৪-০-৪৩-২, দাসুন শনাকা ২-০-১৮-১, ওয়ানিন্দু হাসরঙ্গ ৪-০-১৯-২।

শুরুতে বড় রান চান নেতা কেন

নিজস্ব প্রতিবেদন

৪ নভেম্বর: স্কটল্যান্ডকে হারানোর পরে শুক্রবার নামিবিয়ার মুখোমুখি হচ্ছে কেন উইলিয়ামসনের নেতৃত্বাধীন নিউজ়িল্যান্ড। শেষ ম্যাচে পাকিস্তানের বিরুদ্ধে হারের পরে নামিবিয়া শিবির যখন কিছুটা হতোদ্যম অবস্থায় রয়েছে, তখন মার্টিন গাপ্টিলদের নিউজ়িল্যান্ড পরপর দু’ম্যাচে ভারত ও স্কটল্যান্ডকে হারিয়ে কিছুটা চনমনে অবস্থায়।

ভারত-পাকিস্তানকে নিয়ে গড়া দ্বিতীয় গ্রুপ থেকে ইতিমধ্যেই বাবর আজ়মেরা চলে গিয়েছেন সেমিফাইনালে। নিউজ়িল্যান্ড চার পয়েন্ট নিয়ে রয়েছে দ্বিতীয় স্থানে। এই অবস্থায় নামিবিয়ার বিরুদ্ধে জিতলে এই গ্রুপ থেকে দ্বিতীয় দল হিসেবে সেমিফাইনালে যাওয়ার জন্য অনেকটাই এগিয়ে যাবেন মার্টিন গাপ্টিলেরা। তাঁদের অধিনায়ক তা সত্ত্বেও বোলিং বিভাগের উন্নতি করতে মরিয়া। বলেছেন, ‘‘স্কটল্যান্ডের ব্যাটারেরা আমাদের বিরুদ্ধে ভালই খেলেছে। সেই জায়গায় আমাদের উন্নতি করতে হবে। ভুল থেকে শিক্ষা নিতে হবে পরের ম্যাচে নামার আগে।’’

তাই নামিবিয়ার বিরুদ্ধে তিন পেসার ট্রেন্ট বোল্ট, অ্যাডাম মিলনে এবং টিম সাউদি কিছু করে দেখাতে মরিয়া। পাশপাশি স্পিন জুটি ইশ সোধি ও মিচেল স্যান্টনারও মুখিয়ে আরও ভাল ছন্দে থাকার জন্য।

৪.৪ কিলো ওজন কমেছে গাপ্টিলের

নিজস্ব প্রতিবেদন

৪ অক্টোবর: দুবাইয়ে বুধবার ম্যাচ জেতানো ইনিংস খেলে তাঁর ৪.৪ কিলো ওজন কমেছে বলে চাঞ্চল্যকর তথ্য ফাঁস করলেন মার্টিন গাপ্টিল। ‘‘মাঠ থেকে আসার পরে দেখা যায়, আমার ৪.৪ কিলো ওজন কমে গিয়েছে। তাই হাইড্রেশন প্রক্রিয়া চালু করতে হয় তাড়াতাড়ি করে,’’ স্কটল্যান্ডের বিরুদ্ধে ৫৬ বলে ৯৩ রানের ইনিংস খেলার পরে নিজের দেশের টিভি নিউজ়িল্যান্ড ব্রেকফাস্ট শো-তে বলেছেন তিনি। যোগ করেছেন, ‘‘বেশ গরমের মধ্যে খেলতে হয়েছিল। কাহিল হয়ে পড়েছিলাম। একটা বিশ্রামের দিন পাচ্ছি বলে স্বস্তি।’’

ব্যাট করার সময় বেশ কতগুলি দুই রানও নিতে হচ্ছিল, যা আরও কঠিন করে দিচ্ছিল কাজ, বলছেন গাপ্টিল। ‘‘ইনিংসের শেষের দিকে এক দিকে যেমন ব্যাট চালাতে হয়, তেমনই জোরে দৌড়তেও হয় যাতে এক রানকে দু’রানে পরিণত করা যায়। তাই কাজটা আরও কঠিন হয়ে যাচ্ছিল,’’ মন্তব্য তাঁর। নিউজ়িল্যান্ড ওপেনার ছ’টি চার ও সাতটি ছয় মারেন। দুবাইয়ের গরম ও আর্দ্রতার মধ্যে দেড় ঘণ্টার উপর ব্যাট করেন গাপ্টিল। উনিশতম ওভারে গিয়ে তিনি আউট হন। তাঁর ঝোড়ো ব্যাটিংই পার্থক্য গড়ে দেয়।

বিরাট কোহালির পরে দ্বিতীয় ব্যাটসম্যান হিসেবে টি-টোয়েন্টি আন্তর্জাতিকে তিন হাজার রান পূর্ণ করেন গাপ্টিল। প্রথম ব্যাটসম্যান হিসেবে টি-টোয়েন্টি আন্তর্জাতিকে ১৫০টি ছক্কা মারার কৃতিত্বও অর্জন করেন তিনি। ১৩৭টি ছক্কা নিয়ে তালিকায় দ্বিতীয় রোহিত শর্মা। তার পরে রয়েছেন ক্রিস গেল (১২২) এবং অইন মর্গ্যান (১১৯)। যদিও এই পরিসংখ্যান শুধুই টি-টোয়েন্টি আন্তর্জাতিক ম্যাচ ধরে। আইপিএল বা অন্য কুড়ি ওভারের লিগ ধরলে গেল, রোহিতরা অনেক এগিয়েই থাকবেন। ‘‘গরমে কষ্ট হচ্ছিল খুবই। ফিল্ডিংয়ের মাঝপথে আমাকে বেরিয়ে আসতে হল। আমি এর চেয়েও গরমে হয়তো খেলেছি। কিন্তু টি-টোয়েন্টি ক্রিকেটে কাজটা অনেক কঠিন কারণ প্রত্যেক বলে দৌড়তে হচ্ছে, বাউন্ডারি, ওভার বাউন্ডারি মারার চেষ্টা করতে হচ্ছে,’’ বলেছেন ম্যাচের সেরা গাপ্টিল।

■ **আক্রমণাত্মক:** স্কটল্যান্ড ম্যাচে ব্যাট করছেন গাপ্টিল। *আইসিসি*

বাংলাকে জেতালেন সুদীপ

নিজস্ব সংবাদদাতা

জয় দিয়েই সৈয়দ মুস্তাক আলি ট্রফির অভিযান শুরু করল বাংলা। প্রথম ম্যাচে ছত্তীসগঢ়কে সাত উইকেটে হারাল সুদীপ চট্টোপাধ্যায় নেতৃত্বাধীন দল। বাংলার অধিনায়ক হিসেবে অভিষেক ম্যাচে ৪৬ বলে ৫১ রানে অপরাজিত থেকে জয় এনে দিলেন সুদীপ। ২২ বলে ২৪ রান করেন ঋদ্ধিমান সাহা।

বৃহস্পতিবার গুয়াহাটির বর্ষাপাড়া স্টেডিয়ামে শুরু থেকেই নড়বড়ে দেখায় ছত্তীসগঢ়ের ব্যাটারদের। ওপেনার অখিল হেরওয়াদকরের ৭৩ রানের ইনিংস ছাড়া কেউ দাঁড়াতেই পারলেন না বাংলার বোলারদের বিরুদ্ধে। দুই উইকেট নেন মুকেশ। একটি করে উইকেট নেন ঋত্বিক চট্টোপাধ্যায়, আকাশ, শাহবাজ় আহমেদরা। এ দিনই বাংলার সিনিয়র দলে অভিষেক হয় তরুণ অলরাউন্ডার কর্ণ লালের। চার ওভারে মাত্র ১৪ রান দিয়ে তাঁর ঝুলিতেও একটি উইকেট। ২০ ওভারে সাত উইকেট হারিয়ে ১১৮ রান করে ছত্তীসগঢ়।

১১৯ রানের লক্ষ্যে ব্যাট করতে নেমে এক দিক থেকে ইনিংস গড়ার কাজ করেন সুদীপ। তাঁকে আর থামানো যায়নি। শেষ পর্যন্ত ক্রিজ়ে থেকে মরসুমের প্রথম জয় উপহার দিলেন বাংলাকে। মাত্র ১৭ ওভারে ১১৯ রানে পৌঁছে যায় বাংলা।

পরবর্তী পরিকল্পনা তৈরি করে ফেলেছেন রশিদ

নিজস্ব প্রতিবেদন

৪ নভেম্বর: ভারতের বিরুদ্ধে বুধবার রাতে জয়ের জন্য ২১১ রান তাড়া করতে গিয়ে শুরুতেই পর পর উইকেটের পতন হওয়ার চাপে পড়ে গিয়েছিল আফগানিস্তান। বললেন, তাঁদের তারকা স্পিনার রশিদ খান। দ্বিতীয় গ্রুপে লিগের খেলায় এ বার নিউজ়িল্যান্ডের বিরুদ্ধে শেষ ম্যাচ আফগানদের। সে খেলায় নেট রানরেট ধরে রাখতে হবে বলে মনে করছেন এই ক্রিকেটার।

ম্যাচের পরে রশিদ বলেন, ‘‘ভারতের বিরুদ্ধে শুরুতেই কয়েক উইকেট পড়ে যাওয়ায় চাপ বেড়ে গিয়েছিল। আমাদের ইনিংসে শুরু থেকেই লক্ষ্য ছিল স্কোরবোর্ডে দ্রুত রান যোগ করা। এটা অবশ্যই নেট রানরেটের কথা মাথায় রেখে। নিউজ়িল্যান্ডের বিরুদ্ধে লিগের শেষ ম্যাচেও সে কথাটাই মাথায় থাকবে। কারণ শেষের দিকে এই নেট রানরেটই অনেক কিছু ফারাক গড়ে দিতে পারে।’’ যোগ করেছেন, ‘‘লিগের শেষ ম্যাচে তাই আমাদের গোটা দলের পরিকল্পনা, ‘‘দলের মধ্যে আমাদের জন্য বার্তাটা খুব স্পষ্ট। মাঠে গিয়ে সাহসী ও বুদ্ধিদীপ্ত ক্রিকেট খেলতে হবে। ২০ ওভার ব্যাট করে যত বেশি সম্ভব রান তুলতে হবে আমাদের। এ রকম মানসিক প্রস্তুতিই নিচ্ছি আমরা।’’ উল্লেখ্য, নিউজ়িল্যান্ডের বিরুদ্ধে কেবল জিতলেই চলবে না রশিদদের। সেমিফাইনালে যেতে গেলে তা হতে হবে বড়সড় ব্যবধানে।

Net Protector
NP AV
Total Security
WEST COAST LABS CHECKMARK
Internationally Tested & Certified
ISO 9001:2008
PC, Laptop Tablet, Mobile
সুরক্ষা
Ransomware Protection
PC Kaa Doctor Net Protector AntiVirus
Whats App
95.95.84.22.56
933.29.27.333

সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
সেন্ট্রল বৈঙ্ক অফ ইন্ডিয়া
Central Bank of India

রিজিওনাল অফিস: কলকাতা নর্থ
৫ম তল, ৩৩ এন. এস. রোড, কলকাতা – ৭০০ ০০১
এম. নং – ৯১-৮৩৩৬৯৯০২৫৯
ই মেল: recoverykolknro@centralbank.co.in

ই-অকশন: ২৫.১১.২০২১
বেলা ১১টা হইতে ১.০০টা
তৎসহ ৫ মিনিটের সীমাহীন সম্প্রসারণ

“পরিশিষ্ট-IV-এ”
[রুল ৮(৬)-এর বিধানাবলি দ্রষ্টব্য];
স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য সেল নোটিস

বায়না জমা দাখিল
শেষ তারিখ: ২৪.১১.২০২১
বিকাল ৪.০০টা পর্যন্ত

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুল ২০০২-এর রুল ৮(৬)-এর বিধানাবলির সহিত পঠিত সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২ অধীনে স্থাবর পরিসম্পত্ত বিক্রয়ের জন্য ই-অকশন সেল নোটিস।
এতদ্দ্বারা জনসাধারণকে এবং বিশেষ করিয়া ঋণগ্রহীতা(গণ) ও গ্যারেন্টর(গণ)-কে নোটিস দেওয়া হইতেছে যে, নিম্নে বর্ণিত স্থাবর সম্পত্তি (জ্ঞাত দায়: নাই) সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া-এর নিকট রেহনাবদ্ধ/চার্জযুক্ত রহিয়াছে এবং সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া-এর অনুমোদিত অফিসার কর্তৃক উহার কনস্ট্রাক্টিভ (বাস্তবিক দখল লওয়ার প্রক্রিয়া চলিতেছে)/বাস্তবিক* দখল লওয়া হইয়াছে এবং উহা “যেখানে যে অবস্থায় আছে”, “যেখানে যাহা কিছু আছে” এবং “যেখানে যেরূপ প্রকার আছে” ভিত্তিতে বিক্রয় করা হইবে।

ক্রঃ নং	অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতা ও গ্যারেন্টরের নাম	সম্পত্তির বিবরণ (ফ্ল্যাট/শপ/জমি/বিল্ডিং ইত্যাদি)	১৩(২) নোটিসের তারিখ / বকেয়ার পরিমাণ / ১৩(৪) নোটিসের তারিখ	সংরক্ষিত মূল্য / ইএমডি পরিমাণ / ডাক বৃদ্ধির পরিমাণ
১।	মেঃ ব্রিকার ইনফোসার্ভ সল্টলেক ব্রাঞ্চ	শ্রীমতী অনুরূপা চ্যাটার্জি, স্বামী শ্রী অয়নজিৎ চ্যাটার্জি-এর নামে সম্পত্তি। প্রেমিসেস নং ১৫১, ৩য় তল, আয়তন প্রায় ১৪৫০ বঃফুট, শ্যামাপ্রসাদ মুখার্জি রোড, থানা- টালিগঞ্জ, কলকাতা-৭০০০২৬, কলকাতা মিউনিসিপ্যাল টাউনের অন্তর্গত, নিম্নোক্তে সম্বলিত হোল্ডিং নং ৩৭, ওয়ার্ড নং ৮৭, জেলা- ২৪ পরগনা (দক্ষিণ)। সম্পত্তি নিম্নোক্ত চৌহদ্দি বেষ্টিত: উত্তরে: ১০/৪ এস.আর. দাস রোড এবং ১৪১, এস.পি. মুখার্জি রোড, কলকাতা-৭০০০২৬, দক্ষিণে: কেএমসি-এর ২০ ফুট চওড়া রাস্তা (এস.পি. মুখার্জি রোড, কলকাতা-৭০০০২৬-এর অংশস্বরূপ), পূর্বে: ১৪৯, এস.পি. মুখার্জি রোড, কলকাতা-৭০০০২৬, পশ্চিমে: ১৫৩, এস.পি. মুখার্জি রোড, কলকাতা-৭০০০২৬।	২১.০২.২০১৭ / টাঃ ১৪৪.৬৫ লক্ষ / ০৭.০৬.২০১৯ (বাস্তবিক দখল)	আরপি: টাঃ ৬২.০০ লক্ষ / ইএমডি: টাঃ ৬.২০ লক্ষ / বিআইএ: টাঃ ৬০,০০০/-
২।	মেঃ সিং ট্রেডার্স মানিকতলা ব্রাঞ্চ	নিম্নোক্তের সমগ্র অবিচ্ছেদ্য অংশ, স্বয়ংসম্পূর্ণ ফ্ল্যাট আয়তন ৮৫১ বঃফুঃ সুপার বিল্ট এরিয়া, স্থান: প্রেমিসেস নং ১১৫, ফ্ল্যাট নং সি০২, ৪র্থ তলে, ঝিল রোড, (ব্যাঙ্ক প্লট) তৎসহ জমিতে অবিভক্ত আনুপাতিক অংশ, আরএস দাগ নং ১৭২৫, আরএস খতিয়ান নং ৮২৭, মৌজা- ঢাকুরিয়া, জেএল নং ১৮, তৌজি নং বি-১, সাব রেজিস্ট্রি অফিস শিয়ালদহ, থানা-কসবা, ওয়ার্ড নং ১০৪, কলকাতা মিউনিসিপাল কর্পোরেশন অধীন, শ্রীমতী রাজশ্রী ভি তেলাঙ স্বামী রাকেশ কুমার সিং-এর নামে। চৌহদ্দি: উত্তরে: ২০ ফুট চওড়া রাস্তা, দক্ষিণে: প্রেমিসেস নং ১৪১ ও ১৪৪, পূর্বে: ওল্ড প্রেমিসেস নং ১৫/২/৫, পশ্চিমে: ওল্ড শিডিউল্ড প্লট নং ১৫/১/২।	১৩.১১.২০১৮ / টাঃ ৫১.২৩ লক্ষ / ১৮.০২.২০২১ (বাস্তবিক দখল)	আরপি: টাঃ ২৮.২৪ লক্ষ / ইএমডি: টাঃ ২.৮৩ লক্ষ / বিআইএ: টাঃ ৩০,০০০/-

পরিদর্শনের তারিখ: ২২.১১.২০২১ সকাল ১০টা হইতে বিকাল ৪.০০টার মধ্যে – বাস্তবিক রূপে দখল করা সম্পত্তির জন্য।
বায়না জমা দাখিলের বিবরণ: এ/সি নং ৩০২২৫১১৭১৪; এ/সি নাম: নর্থ রিজিওনাল অফিস-ইএমপিএস এ/সি আইএফএসসি: CBIN0280107
শর্তাবলি:
১। ই-অকশন “যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে, যেখানে যাহা কিছু আছে ভিত্তিতে এবং যেখানে যেরূপ প্রকার আছে ভিত্তিতে” অনুষ্ঠিত হইবে।
২। অনুমোদিত অফিসারের সর্বোত্তম জ্ঞান ও তথ্য মতে সম্পত্তিতে কোনও দায় নাই। অবশ্য, আগ্রহী ডাকদাতারা সম্পত্তির দায়, স্বত্ব সম্পর্কে স্বতন্ত্রভাবে নিজস্ব খোঁজখবর লইতে পারেন এবং নিজেরা উহা পরিদর্শন করিয়া সন্তুষ্ট হইয়া লইতে পারেন।
বিক্রয়ের বিস্তারিত শর্তাবলির জন্য সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া-এর ওয়েবসাইট অর্থাৎ www.centralbankofindia.co.in/English/e_auction.aspx এবং www.bankeauctions.com (মোবাইল: ৯৮১৩৮৮৭৯৩১)-তে ব্যবস্থিত লিঙ্ক দেখুন। যেসব আগ্রহী ডাকদাতা বায়না জমা দিয়াছেন এবং যাহাদের লগইন আইডি ও পাসওয়ার্ড সৃষ্টি, ডেটা আপলোডিং, ডাক দাখিল, ই-ডাক প্রক্রিয়া সম্পর্কে প্রশিক্ষণ ইত্যাদি বিষয়ে সহায়তা প্রয়োজন, তাহারা এইখানে যোগাযোগ করিবেন: সিঃ ইন্ডিয়া প্রাঃ লিঃ, ই-মেল আইডি: support@bankeauctions.co.in, হেল্পলাইন নং ০১২৪৪৩০২০২১/২২/২৩/২৪।
এই নোটিস সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) অধীনে ঋণগ্রহীতা এবং গ্যারেন্টর (এল/আরএস)-এর প্রতি ১৫ দিনের সংবিধিবদ্ধ সেল নোটিস হিসেবেও গণ্য করিতে হইবে।
স্থান: কলকাতা
তারিখ: ০৫.১১.২০২১
অনুমোদিত অফিসার
(মোঃ) ৮৩৩৬৯৯০২৫৯

টেন্ডার

PUBLIC NOTICE

E.C. No. 222 of 2018
In the High Court at Calcutta
Indusind Bank Ltd
vs.
Rachna Jaiswal & Anr.

Whereas the Hon'ble Justice Ravi Krishan Kapur was pleased to pass an order dated September 17, 2021 for inviting offers for selling of the vehicle bearing registration no. **NL01K5269,** Engine No. **MAT722001C3B05514** and Chassis No. **11L64102581**which is lying at Jain Kunj, Beside Biswanath Weigh Bridge, P.S. South Port, Kolkata – 700 088. Pursuant to such order, offers are invited by the undersigned in sealed cover for the purchase of the aforesaid vehicle on “AS IS WHERE IS BASIS” and on without recourse basis.
Bidders/interested parties may inspect the vehicle between 11 AM to 4 PM upto 3 days after publication of this notice. The interested parties may contact the under signed at Bar Association Room No.2, High Court at Calcutta, Contact No. – 9830348249.

Date: 05.11.2021 Sri Gautam Mukherjee
Place: Kolkata Advocate/Reciever

নাগাল্যান্ড স্টেট লটারি
UNITY GOVERNMENT OF NAGALAND
ডিয়ার কালী পূজা মান্থলি
ড্র আগামীকাল
টিকিট মূল্য ₹৫০০
ড্র ০৬.১১.২০২১ রাত ৮ টা থেকে
প্রথম পুরস্কার ₹ ২ কোটি
(Including Super Prize Amount)
দ্বিতীয় পুরস্কার ₹ ৫০ লাখ
(Including Super Prize Amount)
এবং জিতুন আরো অনেক আকর্ষনীয় পুরস্কার
LIVE STREAMING nagalandlotteries.com/livedraw
টোটাল স্কীম ২ লাখ টিকিট মাত্র
(1st Prize Rs.2 Crores & all other prizes will be drawn within this 2 lakh tickets only)
INCENTIVE SCHEME* ₹ 2,30,000 ON SALE OF 1st PRIZE TICKET Seller: ₹ 2,00,000; Sub Stockist: ₹ 20,000; Stockist: ₹ 10,000
₹ 1,30,000 ON SALE OF 2nd PRIZE TICKET Seller: ₹ 1,00,000; Sub Stockist: ₹ 20,000; Stockist: ₹ 10,000
₹ 65,000 ON SALE OF 3rd PRIZE TICKET Seller: ₹ 50,000; Sub Stockist: ₹ 10,000; Stockist: ₹ 5,000
*Scheme given by: TIGER ASSOCIATES
*T & C apply
SIKKIM STATE LOTTERIES NAGALAND STATE LOTTERIES PUNJAB STATE LOTTERIES
DEAR LOTTERIES তৈরি করেছে ১০৮১ জন কোটিপতি
₹ 5 Crores x 9, ₹ 2.50 Crores x 2, ₹ 2 Crores x 3, ₹ 1.50 Crores x 3 & ₹ 1 Crore x 1064 WINNERS
(From 16.04.2019 to 31.10.2021)
₹৫ কোটি বিজেতা
DEAR BAISAKHI Mr. RAJKANT PATIL Ticket No. 212083 Draw Date: 19.04.2021
DEAR MAHASHIVRATRI Mr. VIVEK KUMAR Ticket No. 409692 Draw Date: 12.03.2021
DEAR 2000 Mr. RAJIV KUMAR Ticket No. 19 2943 Draw Date: 21.11.2020
DEAR DIWALI Mr. SK SABED HOSSAIN Ticket No. G 17947 Draw Date : 14.11.2020
DEAR 2000 Mr. DEBENDRA AGARWALA Ticket No. 19